

আসন্ন লোকসভা নির্বাচন ২০১৪-এ ভিডিওগ্রাফি ও ডিজিটাল স্টিল ক্যামেরা ব্যবহারের নিয়ম বিধি :—

নির্বাচিত ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে (Polling station) ভিডিও / স্টিল ক্যামেরার মাধ্যমে ঐখানকার ভোটগ্রহণ প্রক্রিয়ার উপর নজরদারি করতে হবে।

যে বিষয়গুলি ভিডিও / স্টিল ক্যামেরা চালকদের স্মরণে রাখতে হবে সেগুলি নিম্নরূপ :

ভোটগ্রহণ কেন্দ্রে ক্যামেরাগুলিকে এমন ভাবে রাখতে বা স্থাপন করতে হবে যাতে ক্যামেরা চালক লাইনে দাঁড়িয়ে থাকা ভোটারদের, পোলিং স্টেশনের ভিতরে চলা সকল প্রক্রিয়া যেমন ভোটারদের চিহ্নিতকরণ করা, ভোটপ্রদানের পর আঙুলে কালি লাগানো ইত্যাদি প্রক্রিয়াগুলি খুব সহজে ভিডিও ক্যামেরায় রেকর্ড করতে বা স্টিল ক্যামেরায় তুলে নিতে পারেন।

তবে এটি অবশ্যই ক্যামেরা চালকদের লক্ষ্য রাখতে হবে যাতে কোনো ভাবেই ভোটারদের ভোট প্রদানের গোপনীয়তা প্রকাশ না হয়।

➤ ক্যামেরাতে যে বিষয়গুলি রেকর্ড বা ক্যাপচার করতে হবে সেগুলি নিম্নরূপ :

ভিডিওগ্রাফার / ফোটোগ্রাফারকে একটি বিষয় নিশ্চিত করতে হবে যাতে সকল প্রকার গুরুত্বপূর্ণ বিষয়গুলি যেমন—মহড়া ভোট / মক্ পোল (mock poll), বৈদ্যুতিন ভোট যন্ত্র / EVM (Electronic Voting Machine) সিলিং, EVM-এর সিল্ এর উপর পোলিং এজেন্টদের স্বাক্ষর ইত্যাদি বিষয়গুলি সঠিক এবং নির্ভুল ভাবে রেকর্ড বা ক্যাপচার করা হয়। ভোটগ্রহণ কেন্দ্রে যে কোনো অবাঞ্ছিত ঘটনা ঘটে থাকলে সেগুলিও অবশ্যই রেকর্ড করতে হবে। বিশেষ করে যে বিষয়গুলি অতি অবশ্যই রেকর্ড করতে হবে তা নিম্নরূপ :—

- ১। ভোটারদের আতঙ্কিত করার চেষ্টা করা।
- ২। ভোটারদের প্রলোভিত ও প্রভাবিত করার চেষ্টা করা।
- ৩। ভোটগ্রহণ কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে কোনোরকম ভোট প্রচার (পোস্টার, ব্যানার, ফ্লেক্স, প্রার্থীর ছবি, দলীয় পতাকা ইত্যাদি)
- ৪। ভোটদান কক্ষের অবস্থান
- ৫। ভোটগ্রহণ কেন্দ্রের ন্যূনতম মৌলিক সুযোগ সুবিধা (Basic Minimum Facilities)
- ৬। পোলিং এজেন্টদের উপস্থিতি
- ৭। মহড়া ভোট / মক্ পোল
- ৮। মহড়া ভোটের পরিষ্করণ (Clearing of mock poll)
- ৯। EVM-এর সিল
- ১০। ভোটারদের চিহ্নিতকরণ
- ১১। ভোটারদের লাইন
- ১২। ভোটদান কেন্দ্রের কোনো প্রকার ভ্রুটি
- ১৩। প্রার্থী সহ, যে কোনো গুরুত্বপূর্ণ ব্যক্তি অথবা অন্যান্য ভোট সংক্রান্ত কর্মী, সেক্টর অফিসার, পর্যবেক্ষক (Observer) অথবা নির্বাচন কমিশন কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কোনো আধিকারিকদের দ্বারা ভোট প্রদান কেন্দ্র পরিদর্শন।
- ১৪। EVM-এর প্রতিস্থাপন (যদি ঘটে, সেক্ষেত্রে ভোট প্রক্রিয়া শুরু হওয়ার আগে যে যে পদ্ধতি গ্রহণ করা হয় সেগুলিও রেকর্ড করতে হবে)
- ১৫। ভোট দান কেন্দ্রের যে কোনো ঘটনা
- ১৬। সকল ভিডিও / ফোটোগ্রাফি যেন রেকর্ড করা হয় তারিখ এবং সময় সহ যাতে প্রকৃত তারিখ এবং সময় যাচাই করা যায়।

নোট : উপরের তালিকাটি উদাহরণ মূলক এবং এটিই সামগ্রিক বা সম্পূর্ণ নয়।

➤ ভোটগ্রহণ-এর শেষ পর্যায়ের প্রয়োজনীয় কাজ :

ভোটগ্রহণ-এর শেষ সময়ে যখন লাইনে দাঁড়ানো ভোটারদের স্লিপ দেওয়া হবে তার ছবি অবশ্যই তুলে রাখতে হবে। বিশেষ করে এক নম্বর স্লিপ বা টোকেনটি যার হাতে থাকবে সেই ব্যক্তির ছবি পরিষ্কার করে ক্যামেরায় তুলে রাখতে হবে।

ভোট প্রদান প্রক্রিয়া সমাপ্ত হওয়ার পরে প্রিসাইডিং অফিসার ও তার টিম যেসকল কাজগুলি করবেন যেমন—ভোট যন্ত্র বন্ধ করা, ব্যাটারি সুইচ বন্ধ করা, বিভিন্ন সিলিং এবং তার উপরে পোলিং এজেন্টদের স্বাক্ষর সহ অন্যান্য কাজগুলির চিত্র গ্রহণ করতে হবে।

ভোট যন্ত্র সহ অন্যান্য ভোট সংক্রান্ত কাগজ পত্রাদি নিয়ে ভোটকর্মীদের ভোটগ্রহণ কেন্দ্রের বাইরে বেরিয়ে আসার চিত্র ধরে রাখতে হবে।

➤ **ভোটগ্রহণ-এর শেষ পর্যায়ের প্রয়োজনীয় কাজ :**

ভোটগ্রহণ-এর শেষ সময়ে যখন লাইনে দাঁড়ানো ভোটারদের স্লিপ দেওয়া হবে তার ছবি অবশ্যই তুলে রাখতে হবে। বিশেষ করে এক নম্বর স্লিপ বা টোকেনটি যার হাতে থাকবে সেই ব্যক্তির ছবি পরিষ্কার করে ক্যামেরায় তুলে রাখতে হবে।

ভোট প্রদান প্রক্রিয়া সমাপ্ত হওয়ার পরে প্রিসাইডিং অফিসার ও তার টিম যেসকল কাজগুলি করবেন যেমন—ভোট যন্ত্র বন্ধ করা, ব্যাটারি সুইচ বন্ধ করা, বিভিন্ন সিলিং এবং তার উপরে পোলিং এজেন্টদের স্বাক্ষর সহ অন্যান্য কাজগুলির চিত্র গ্রহণ করতে হবে।

ভোট যন্ত্র সহ অন্যান্য ভোট সংক্রান্ত কাগজ পত্রাদি নিয়ে ভোটকর্মীদের ভোটগ্রহণ কেন্দ্রের বাইরে বেরিয়ে আসার চিত্র ধরে রাখতে হবে।

ভিডিও / স্টিল ফটো রেকর্ডিং-এর রক্ষণ :-

ভিডিও / স্টিল ক্যামেরায় যে সকল রেকর্ডিং করা হবে বা ছবি তোলা হবে সেগুলিকে যত্ন সহকারে ভিডিও টেপ, সিডি, পেন ড্রাইভ বা অন্য যে কোনো স্টোরেজ ডিভাইস (storage device)-এ ধরে রেখে সেটি সংশ্লিষ্ট RC (Receiving Centre)-এর নির্দিষ্ট কাউন্টারে জমা দিতে হবে।

➤ ভিডিওগ্রাফার / স্টিল ক্যামেরা ফটোগ্রাফারদের রিটার্নিং অফিসার কর্তৃক প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হবে। এদের মূল লক্ষ্য হবে সঙ্কটপূর্ণ বা সংবেদনশীল ঘটনাগুলিকে রেকর্ড করা যেগুলি ভোট প্রক্রিয়াকে কলুষিত করবে।

➤ রিটার্নিং অফিসার বা পর্যবেক্ষক (Observer) কর্তৃক ভিডিওগ্রাফি বা ফটোগ্রাফি স্ক্রুটিনি (Scrutiny) করার সময় যেন ভিডিওগ্রাফার / স্টিল ক্যামেরা ফটোগ্রাফাররা সেখানে উপস্থিত থাকে যাতে কোনো প্রকার ব্যাখ্যার প্রয়োজন হলে তারা তা দিতে সমর্থ হন।

➤ **ভিডিওগ্রাফার / স্টিল ফটোগ্রাফাররা যে কাজগুলি করতে পারবেন না :-**

১। ডিস্ট্রিক্ট ইলেকশন অফিসার কর্তৃক যে সকল প্রাইভেট ভিডিওগ্রাফার ও স্টিল ফটোগ্রাফার ভাড়া করা হবে তারা যেন কোনো প্রকার রাজনৈতিক দলের সদস্য না হন বা কোনো রাজনৈতিক দলের প্রতি সংবেদনশীল বা কোনো নির্দিষ্ট রাজনৈতিক দলের সমর্থক বা দলের কোনো প্রার্থীর নিকট আত্মীয় না হন। এবং সেই ভিডিওগ্রাফার ও স্টিল ফটোগ্রাফারকে যেন কোনো রাজনৈতিক দলের সদস্য বা প্রার্থীর দ্বারা ভাড়া না নেওয়া হয়।

২। কোনো ভিডিওগ্রাফার ও স্টিল ফটোগ্রাফার যেন কোনো রাজনৈতিক দলের সদস্য বা প্রার্থীর দ্বারা প্রদেয় আতিথেয়তা গ্রহণ না করেন।

আপনার নিরপেক্ষতা, সময়ানুবর্তিতা এবং নিষ্ঠা এই কাজকে সফল ভাবে রূপায়িত করবে।

ভারতীয় নির্বাচন কমিশনের স্মারক নং ৪৬৪/আই.এন.এস.টি/২০১৪-ই.পি.এস তাং ২১শে মার্চ ২০১৪-তে প্রকাশিত নির্দেশাবলী থেকে সংশ্লিষ্ট অংশের সংকলন।
বর্ধমান জেলার নির্বাচন দপ্তর-এর আদর্শ আচরণবিধি দপ্তর (Model Code of Conduct Cell) কর্তৃক প্রকাশিত।